গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ বিভাগ
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
পবিস মনিঃ ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
E-mail: dircentral@gmail.com
Web site: www.reb.gov.bd

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

স্মারক নং-২৭.১২.০০০০.০১৭.৩৩.৬৩৩.২৫.২৭৮০

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ।
১৮ নভেম্বর ২০২৫ খ্রি.

## সার্কুলার

সংশোধিত পবিস নির্দেশিকা ১০০-৩৫ অনুযায়ী বাপবিবোর্ডের এসইএন্ডডি পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.০২২.৪৩.৩৩০.২৩.০৫, তারিখ: ০৫/০৭/২০২৩ খ্রি. এর মাধ্যমে নতুন করে গড়ে উঠা বাড়ী-ঘর, শিল্প, বানিজ্যিক ও অন্যান্য স্থাপনায় বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত বিষয়ে জারিকৃত সার্কুলার অনুযায়ী নতুন আবাসিক, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয়/দাতব্য প্রতিষ্ঠান ও অন্যান্য শ্রেণির বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে ৮০ কি. ও. পর্যন্ত ০১ (এক) স্প্যান এইচটি, এলটি লাইন, পুশ পোল, কনর্ভারশন/আপগ্রেডেশন এর নির্মাণ ব্যয় এবং নতুন শিল্প ও বাণিজ্যিক সংযোগের ক্ষেত্রে ৮০ কি. ও. পর্যন্ত ০২ (দুই) স্প্যান এইচটি, এলটি লাইন, পুশ পোল, কনর্ভারশন/আপগ্রেডেশন এর নির্মাণ ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করতে হবে মর্মে সংস্থান রয়েছে।

সম্প্রতি বাপবিবোর্ড কর্তৃক পরিচালিত পবিস নিরীক্ষা, মনিটরিং ও গ্রাহক অভিযোগের প্রেক্ষিতে প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনায় লক্ষ্য করা যাচ্ছে যে, কয়েকটি পবিস কর্তৃক বর্ণিত অভিন্ন সংযোগ সংক্রান্ত নীতিমালা প্রতিপালন করা হচ্ছে না। ফলে ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সকল নতুন সংযোগের আবেদনকারীকে একই নিয়মে বিদ্যুৎ সংযোগ প্রদান করা যাচ্ছে না যার কারণে গ্রাহক প্রান্তে অসন্তোষ সৃষ্টিসহ বাপবিবো/পবিসের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে।

এ প্রেক্ষাপটে, নতুন করে গড়ে উঠা বাড়ী-ঘর, শিল্প, বানিজ্যিক ও অন্যান্য স্থাপনায় বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত বিষয়ে বাপবিবোর্ডের এসইএন্ডডি পরিদপ্তর কর্তৃক স্মারক নং-২৭.১২.০০০০.০২২.৪৩.৩৩০.২৩.০৫, তারিখ: ০৫/০৭/২০২৩ খ্রি., স্মারক নং-২৭.১২.০০০০.০২২.৪৩.৩৩০.২৩.৩২৩, তারিখ: ০১/১১/২০২৩ খ্রি., স্মারক নং-২৭.১২.০০০০.০২২. ৪৩. ৩৩০.২৪.১৫৮, তারিখ: ১২/১১/২০২৪ খ্রি. এবং স্মারক নং-২৭.১২.০০০০.০২২.৪৩.৩৩০.২৫.৩৯৪, তারিখ: ১৩/০২/২০২৫ খ্রি. এর মাধ্যমে জারিকৃত সংযোগ নীতিমালা/স্পষ্টায়ন/সিদ্ধান্ত আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

**সংযুক্তি: বর্ণনা মোতাবেক ১১ (এগারো) পৃষ্ঠা।**

১৮/১১/২০২৫
(ফকির শরীফ উদ্দিন আহমেদ)
নির্বাহী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (প ও প/প্রকল্প)-এর দপ্তর, বাপবিবো, ঢাকা।
২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্য. প. (কে. অ./উ. অ./দ. অ./পূ. অ./প. অ.) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৩) পরিচালক, সিস্টেম ইন্জিনিয়ারিং এন্ড ডিজাইন পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৪) পরিচালক, এমপিএসএস পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল জোন, বাপবিবো।
৬) একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
৭) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পল্লী বিদ্যুৎ সমিতি
৮) সকল নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো।
৯) একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন, পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো, ঢাকা।
১০) অফিস কপি।

১৮/১১/২০২৫
(সবুজ কুমার সাহা)
অর্থনীতিবিদ

| ক্রঃ নং | নির্দেশিকা নম্বর | সিদ্ধান্ত নং-১৮০১৭ | পর্যালোচনা | সিদ্ধান্ত/ সুপারিশমালা |
|---|---|---|---|---|
| | | এর অতিরিক্ত লোডের জন্য প্রতি কেভিএ ৫,০০০ ( পাঁচ হাজার) টাকা হিসাবে ট্রান্সফরমার মূল্য গ্রহন করা হবে। এ ক্ষেত্রে প্রয়োজনীয় কনভার্সন, সার্ভিস ড্রপ তারের মূল্য, ট্রান্সফরমার এক্সেসরিজসহ অন্য কোন মালামালের মূল্য ও স্থাপনা ব্যয় গ্রহণ করা হবে না।<br><br>(২.৩) শিল্প ও বানিজ্যিক সংযোগের ক্ষেত্রে দুই স্প্যান পর্যন্ত এইচটি, এলটি লাইন, কনর্ভারশন-এর নির্মাণ ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করা হবে। দুই স্প্যানের অতিরিক্ত লাইন নির্মাণের প্রয়োজন হলে অতিরিক্ত লাইন নির্মাণের ব্যয় গ্রাহকের নিকট হতে গ্রহণ করতে হবে। ঐ লাইন হতে পরবর্তীতে সমিতি লাইন সম্প্রসারণ করতে পারবে ।<br>ধারা ২.১, ২.২ ও ২.৩ এর আওতায় কোন গ্রাহক গত ১৪/১১/২০১৯ খ্রিঃ তারিখের পূর্বে লাইন নির্মান ও ট্রান্সফরমার বাবদ অর্থ জমা দিয়ে থাকলে তা ফেরত প্রদান করা যাবে না। | পর্যন্ত বিতরণ ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ (মালামাল উত্তোলন আর/আর সহ) প্রয়োজনীয় সার্ভিস ড্রপ স্থাপন ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>শিল্প ও বানিজ্যিক সংযোগের ক্ষেত্রে ৮০ কিঃওঃ পর্যন্ত বিতরণ ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ (মালামাল উত্তোলন আর/আর সহ), প্রয়োজনীয় সার্ভিস ড্রপ, মিটার ও মিটার সকেট স্থাপনসহ ০২ (দুই) স্প্যান পর্যন্ত এইচটি, এলটি লাইন, পুশ পোল, কনর্ভারশন/আপগ্রেডেশন- এর নির্মাণ ব্যয় পবিস কর্তৃক নির্বাহের বিষয়ে বিস্তরিত আলোচনা হয়। | গ্রাহকের নিকট হতে গ্রহণ করতে হবে।<br><br>লোড বৃদ্ধির ক্ষেত্রে ৮০ কিঃওঃ পর্যন্ত বিতরণ ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ (মালামাল উত্তোলন, আর/আর সহ) প্রয়োজনীয় সার্ভিস ড্রপ স্থাপন ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করতে হবে।<br><br>(২.২)শিল্প ও বানিজ্যিক সংযোগের ক্ষেত্রে ৮০ কিঃওঃ পর্যন্ত বিতরণ ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ (মালামাল উত্তোলন, আর/আর সহ), প্রয়োজনীয় সার্ভিস ড্রপ, মিটার ও মিটার সকেট স্থাপনসহ ০২(দুই) স্প্যান পর্যন্ত এইচটি, এলটি লাইন, পুশ পোল, কনর্ভারশন/আপগ্রেডেশন- এর নির্মাণ ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করা হবে। ০২(দুই) স্প্যানের অতিরিক্ত লাইন নির্মাণের প্রয়োজন হলে অতিরিক্ত লাইন নির্মাণের ব্যয় গ্রাহকের নিকট হতে গ্রহণ করতে হবে। ঐ লাইন হতে পরবর্তীতে সমিতি লাইন সম্প্রসারণ করতে পারবে।<br><br>লোড বৃদ্ধির ক্ষেত্রে ৮০ কিঃওঃ পর্যন্ত বিতরণ ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ (মালামাল উত্তোলন আর/আর সহ) প্রয়োজনীয় সার্ভিস ড্রপ স্থাপন ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করতে হবে।<br>ধারা ২.১ ও ২.২ এর আওতায় কোন গ্রাহক গত ১৪/১১/২০১৯ খ্রিঃ তারিখের পূর্বে লাইন নির্মাণ ও ট্রান্সফরমার বাবদ অর্থ জমা দিয়ে থাকলে তা ফেরত প্রদান করা যাবে না।<br><br>“উল্লেখ্য সেচ সংযোগের ক্ষেত্রে সেচ নীতিমালা অনুসরণ করা।” |

| ক্রঃ নং | নির্দেশিকা নম্বর. | সিদ্ধান্ত নং-১৮০১৭ | পর্যালোচনা | সিদ্ধান্ত/ সুপারিশমালা |
|---|---|---|---|---|
| ০২ | পবিস নির্দেশিকা ১০০-৩৫ এর (সংশোধিত) অনুচ্ছেদ-৪-(ক) | ক) ৫০ কিঃওঃ লোড পর্যন্ত গ্রাহকের অবৈধ হস্তক্ষেপ ও চুক্তিবদ্ধ লোডের চেয়ে অতিরিক্ত লোড ব্যবহারের কারণ ব্যতীত ট্রান্সফরমার পুড়ে গেলে পবিস কর্তৃক বিনা মূল্যে ট্রান্সফরমার প্রতিস্থাপন করতে হবে। পবিস কর্তৃক তদন্তে গ্রাহকের অবৈধ হস্তক্ষেপ (হুকিং, সাইড কানেকশন ইত্যাদি) বা চুক্তিবদ্ধ লোডের চেয়ে অতিরিক্ত লোড ব্যবহারের কারণে পুড়ে যাওয়া প্রমাণিত হলে গ্রাহক হতে চুক্তিবদ্ধ লোডের আনুপাতিক হারে ট্রান্সফরমার মেরামত ব্যয় আদায় করা হবে। এক্ষেত্রে পবিস কর্তৃক মেরামতকৃত ট্রান্সফরমারের মাধ্যমে ট্রান্সফরমার প্রতিস্থাপন করা হলে ১(এক) বছরের ওয়ারেন্টি প্রদান করা হবে। তাৎক্ষণিকভাবে ট্রান্সফরমার মূল্য আদায় করা না গেলে অর্থ পরিশোধের মুচলেকা নিয়ে দ্রুত সংযোগ প্রদান করতে হবে। | ৮০ কিঃওঃ লোড পর্যন্ত গ্রাহকের অবৈধ হস্তক্ষেপ ও চুক্তিবদ্ধ লোডের চেয়ে অতিরিক্ত লোড ব্যবহারের কারণ ব্যতীত ট্রান্সফরমার পুড়ে গেলে গেলে পবিস কর্তৃক বিনা মূল্যে ট্রান্সফরমার প্রতিস্থাপন বিষয়ে বিস্তরিত আলোচনা হয়। | ক) ৮০ কিঃওঃ লোড পর্যন্ত গ্রাহকের অবৈধ হস্তক্ষেপ ও চুক্তিবদ্ধ লোডের চেয়ে অতিরিক্ত লোড ব্যবহারের কারণ ব্যতীত ট্রান্সফরমার পুড়ে গেলে পবিস কর্তৃক বিনা মূল্যে ট্রান্সফরমার প্রতিস্থাপন করতে হবে। পবিস কর্তৃক তদন্তে গ্রাহকের অবৈধ হস্তক্ষেপ (হুকিং, সাইড কানেকশন ইত্যাদি) বা চুক্তিবদ্ধ লোডের চেয়ে অতিরিক্ত লোড ব্যবহারের কারণে পুড়ে যাওয়া প্রমাণিত হলে গ্রাহক হতে চুক্তিবদ্ধ লোডের আনুপাতিক হারে ট্রান্সফরমার মেরামত ব্যয় আদায় করা হবে। এক্ষেত্রে পবিস কর্তৃক মেরামতকৃত ট্রান্সফরমারের মাধ্যমে ট্রান্সফরমার প্রতিস্থাপন করা হলে ১(এক) বছরের ওয়ারেন্টি প্রদান করা হবে। তাৎক্ষণিকভাবে ট্রান্সফরমার মূল্য আদায় করা না গেলে অর্থ পরিশোধের মুচলেকা নিয়ে দ্রুত সংযোগ প্রদান করতে হবে। |
| ০৩ | পবিস নির্দেশিকা ১০০-৩৫ এর (সংশোধিত) অনুচ্ছেদ-৯ | ৯। ট্রান্সফরমার রক্ষণাবেক্ষণ: সমিতি কর্তৃক সরবরাহকৃত ৫০ কিলোওয়াট পর্যন্ত সকল গ্রাহকের ট্রান্সফরমারের প্রিভেনটিভ মেইনটেনেন্স/রক্ষণাবেক্ষণ সমিতির ব্যয়ে করতে হবে। | ট্রান্সফরমার রক্ষণাবেক্ষণ: সমিতি কর্তৃক সরবরাহকৃত ৮০ কিলোওয়াট পর্যন্ত সকল গ্রাহকের ট্রান্সফরমারের প্রিভেনটিভ মেইনটেনেন্স/রক্ষণাবেক্ষণ সমিতির ব্যয়ে নির্বাহের বিষয়ে বিস্তরিত আলোচনা হয়। | ৯। ট্রান্সফরমার রক্ষণাবেক্ষণ: সমিতি কর্তৃক সরবরাহকৃত ৮০ কিলোওয়াট পর্যন্ত সকল গ্রাহকের ট্রান্সফরমারের প্রিভেনটিভ মেইনটেনেন্স /রক্ষণাবেক্ষণ সমিতির ব্যয়ে করতে হবে। |

এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে;

Alton 5.7.2023

(মোঃ আলতাফ হোসেন চৌধুরী)
পরিচালক

নারায়ণগঞ্জ পবিস-১
ডাইরী নং- ২৯৮৯
তারিখ- ১৮/০২/২০২৫

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

এসইএন্ডডি পরিদপ্তর
ট্রেনিং একাডেমি ভবন (৫ম তলা)
বাপবিবো, নিকুঞ্জ-২, ঢাকা-১২২৯।
ফোনঃ ০২-৮৯০০৩২২
e-mail: rebsed@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২২.৪৩.৩৩০.২৫.৩৯৪

তারিখঃ ৩০ মাঘ, ১৪৩১বঙ্গাব্দ।
১৩ ফেব্রুয়ারী, ২০২৫ খ্রিঃ।

# সার্কুলার

**বিষয়ঃ পবিস কর্তৃক ৮০ কিঃওঃ লোড পর্যন্ত বিনামূল্যে পোল, ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ সরবরাহকরণের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

নতুন গড়ে উঠা আবাসিক, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয়/দাতব্য প্রতিষ্ঠান ও অন্যান্য শ্রেণীর গ্রাহকের জন্য বিনামূল্যে ০১ স্প্যান ও শিল্প বানিজ্যিক গ্রাহকের জন্য ০২ স্প্যান লাইন স্থাপন এবং স্থায়ী সংযোগে রুপান্তরিত হবে এরুপ বিদ্যুৎ সংযোগ এর জন্য ৮০ কিঃওঃ লোড পর্যন্ত ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ পবিস কর্তৃক বিনামূল্যে সরবরাহ করার বিষয়ে নিম্নবর্ণিতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

| ক্রঃ নং | বিষয় | নীতিমালা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | বিনামূল্যে সরবরাহকৃত ট্রান্সফরমার ও পোলের মাধ্যমে ৮০ কিঃওঃ পর্যন্ত সংযোগকৃত অনেক গ্রাহকগণ চুক্তিবদ্ধ লোডের চেয়ে অনেক কম লোড ব্যবহার করছে (১ কিঃওঃ থেকে ৪ কিঃওঃ যেখানে চুক্তিবদ্ধ লোড ৮০ কিঃওঃ) যা পরিহার করণের বিষয়ে করনীয় পদক্ষেপ সংক্রান্ত। | ট্রান্সফরমার নীতিমালার (১০০-৩৫) অনুচ্ছেদ-০৬: কোন কারণে ট্রান্সফরমার আন্ডারলোড হলে উপযুক্ত সাইজের ট্রান্সফরমার দ্বারা তা প্রতিস্থাপন করতে হবে। সেচ ব্যতীত সকল এলটি গ্রাহকের ক্ষেত্রে ট্রান্সফরমার ৩ মাস যাবৎ চুক্তিবদ্ধ লোডের ৩০% এর নিচে লোডে থাকলে তা আন্ডারলোড বলে বিবেচিত হবে। | ১। ট্রান্সফরমার নীতিমালার অনুচ্ছেদ-১৩(গ):<br>বিনামূল্যে সরবরাহকৃত ট্রান্সফরমার ও পোলের মাধ্যমে ৮০ কিঃওঃ পর্যন্ত শিল্প ও বাণিজ্যিক সংযোগের ক্ষেত্রে স্থাপনা ও আনুসঙ্গিক যন্ত্রপাতি স্থাপন ১০০% সম্পন্ন হওয়া সাপেক্ষে লোড এর পরিমাণ ও হাউজ ওয়্যারিং নিশ্চিত হয়ে পবিস নির্দেশিকা ১০০-৭২ অনুযায়ী সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ডিমান্ড নোট ইস্যু করতে হবে।<br>২। ট্রান্সফরমার নীতিমালার (১০০-৩৫) অনুচ্ছেদ-০৬:<br>(i) সেচ ব্যতীত সকল এলটি গ্রাহকের ক্ষেত্রে ট্রান্সফরমার ৩ মাস যাবৎ চুক্তিবদ্ধ লোডের ৩০% এর নিচে লোডে থাকলে তা আন্ডারলোড বলে বিবেচিত হবে।<br>(ii) ৮০ কিঃওঃ পর্যন্ত শিল্প ও বাণিজ্যিক গ্রাহক পর্যায়ক্রমে ১২ মাস চুক্তিবদ্ধ লোডের ৩০% এর নিচে ব্যবহার করলে গ্রাহককে পত্র দ্বারা অবহিত করতে হবে এবং গ্রাহকের সম্মতি (আবেদন) গ্রহণ করে চুক্তিবদ্ধ লোড হ্রাস করতে হবে ও ট্রান্সফরমার পরিবর্তন করে চলমান লোড পর্যায়ে স্থাপন করতে হবে। |

| ক্রঃ নং | বিষয় | নীতিমালা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | | এক্ষেত্রে বিতরণ ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ (মালামাল, উত্তোলন, আর/আরসহ), প্রয়োজনীয় সার্ভিস ড্রপ স্থাপন ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করতে হবে।<br>৩। ৮০ কিঃওঃ পর্যন্ত গ্রাহক সংযোগের ক্ষেত্রে এসইএন্ডডি পরিদপ্তর কর্তৃক জারিকৃত স্মারক নং- ২৭.১২.০০০০.০২২.৪৩.৩৩০.২২৪. ১৫৮; তারিখঃ১২/১১/২০২৪ খ্রিষ্টাব্দ; স্মারক নং- ২৭.১২.০০০০.০২২.৪৩. ৩৩০.২৩.০৫; তারিখঃ ০৫/০৭/২০২৩ খ্রিষ্টাব্দ; স্মারক নং- ২৭.১২.০০০০.০২২.৪৩.৩৩০.২৩.৩ ২৩; . তারিখঃ ০১/১১/২০২৩ খ্রিষ্টাব্দ বলবৎ থাকবে। |
| ২ | একই স্থানে নতুন গ্রাহকের জন্য বিদ্যমান পোল ও ট্রান্সফরমার বাপবিবোর্ডের স্ট্যান্ডার্ড অনুসরণ পূর্বক নিয়ম তান্ত্রিকভাবে স্থানান্তর করে নতুন পোল ব্যবহার ব্যতিত একই পোলের আওতায় নতুন গ্রাহক সংযোগ সংক্রান্ত। | খ) সেচ ব্যতীত সকল স্থায়ী নতুন এলটি শ্রেনীর সংযোগের ক্ষেত্রেঃ<br>খ.১) নতুন আবাসিক, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয়/দাতব্য প্রতিষ্ঠান ও অন্যান্য শ্রেণীর বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে ৮০ কিঃওঃ পর্যন্ত বিতরণ ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ (মালামাল উত্তোলন, আর/আর সহ), প্রয়োজনীয় সার্ভিস ড্রপ, মিটার ও মিটার সকেট স্থাপনসহ ০১ (এক) স্প্যান পর্যন্ত এইচটি, এলটি লাইন, পুশ পোল, কনর্ভারশন/আপগ্রেডেশন- এর নির্মাণ ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করতে হবে।<br>০১ (এক) স্প্যানের অতিরিক্ত লাইন নির্মাণের প্রয়োজন হলে অতিরিক্ত লাইন নির্মাণের ব্যয় গ্রাহকের নিকট হতে গ্রহণ করতে হবে।<br>লোড বৃদ্ধির ক্ষেত্রে ৮০ কিঃওঃ পর্যন্ত বিতরণ ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ (মালামাল উত্তোলন, আর/আর সহ) প্রয়োজনীয় সার্ভিস ড্রপ স্থাপন ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করতে হবে।<br>খ.২) শিল্প ও বানিজ্যিক সংযোগের ক্ষেত্রে ৮০ কিঃওঃ পর্যন্ত বিতরণ ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ (মালামাল উত্তোলন, আর/আর সহ), প্রয়োজনীয় সার্ভিস ড্রপ, মিটার ও মিটার সকেট স্থাপনসহ ০২ (দুই) স্প্যান পর্যন্ত এইচটি, এলটি লাইন,পুশপোল,কনর্ভারশন/আপগ্রেডেশন-এর নির্মাণ ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করা হবে। ০২ (দুই) স্প্যানের অতিরিক্ত লাইন নির্মাণের প্রয়োজন হলে | খ) সেচ ব্যতীত সকল স্থায়ী নতুন এলটি শ্রেনীর সংযোগের ক্ষেত্রেঃ<br>খ.১) নতুন আবাসিক, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয়/দাতব্য প্রতিষ্ঠান ও অন্যান্য শ্রেণীর বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে ৮০ কিঃওঃ পর্যন্ত বিতরণ ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ (মালামাল, উত্তোলন, আর/আর সহ), প্রয়োজনীয় সার্ভিস ড্রপ, মিটার ও মিটার সকেট স্থাপনসহ ০১ (এক) স্প্যান পর্যন্ত এইচটি, এলটি লাইন, পুশ পোল, কনর্ভারশন/আপগ্রেডেশন- এর নির্মাণ ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করতে হবে; শুধুমাত্র ডুপ্লেক্স এলটি লাইন (বেয়ার লাইন ব্যতিত) বাপবিবোর স্ট্যান্ডার্ড স্প্যান লেন্থ অনুসরন করে সমিতির অর্থায়নে পোল স্থানান্তর ও আর/আর করে ১৩০ ফুট সার্ভিস ড্রপের মধ্যে নতুন গ্রাহক সংযোগ প্রদানের ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। এক্ষেত্রে, সংশ্লিষ্ট সহকারী প্রকৌশলী, সমিতির এজিএম (এমএস), জুনিয়র ইন্জিনিয়ার (ওএন্ডএম) এর সমন্বয়ে গঠিত কমিটি সরেজমিনে পোল স্থানান্তরের স্থান নির্বাচনের সুপারিশ প্রণয়ন পূর্বক সিনিয়র জেনারেল |

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

এসইএন্ডডি পরিদপ্তর
ট্রেনিং একাডেমি ভবন (৫ম তলা)
বাপবিবো, নিকুঞ্জ-২, ঢাকা-১২২৯।
ফোনঃ ০২-৮৯০০৩২২
E-mail: rebsed@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২২.৪৩.৩৩০.২৩. ৩২৬

তারিখঃ ১৬ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ। / ০১ নভেম্বর, ২০২৩খ্রিঃ।

সিনিয়র জেনারেল ম্যানেজার
ঢাকা পবিস-১।

**বিষয়ঃ নতুন করে গড়ে উঠা বাড়ী-ঘর, শিল্প, বানিজ্যিক ও অন্যান্য স্থাপনায় বিদ্যুৎ সংযোগের নিমিত্ত সংশোধীত নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে স্পষ্টায়ন প্রসঙ্গে।**

সূত্রঃ ১) স্মারক নং- ২৭.১২.০০০০.০২২.৪৩.৩৩০.২৩.০৫; তারিখঃ ০৫/০৭/২০২৩ খ্রিঃ।
২) ঢাকা পবিস-১, স্মারক নং ২৭.১২.২৬৭২.৫০১.০৯.০০৮.১৯.২৩; তারিখঃ ০১/১০/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি জারিকৃত সার্কুলার অনুযায়ী সেচ ব্যতীত সকল স্থায়ী নতুন এলটি শ্রেণীর সংযোগের নিমিত্তঃ

ক) নতুন আবাসিক, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয়/দাতব্য প্রতিষ্ঠান ও অন্যান্য শ্রেণীর বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে ০১ (এক) স্প্যান পর্যন্ত নতুন লাইন নির্মাণ/ কনর্ভারশন/আপগ্রেডেশন- এর জন্য পুশ পোলের প্রয়োজন হলে পুশ পোলের ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করতে হবে।

খ) শিল্প ও বানিজ্যিক সংযোগের ক্ষেত্রে ০২ (দুই) স্প্যান পর্যন্ত নতুন লাইন নির্মাণ/ কনর্ভারশন/আপগ্রেডেশন- এর জন্য পুশ পোলের প্রয়োজন হলে পুশ পোলের ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করতে হবে।

গ) লোড হ্রাস/বৃদ্ধির ক্ষেত্রে ৮০ কিঃওঃ পর্যন্ত বিতরণ ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ (মালামাল উত্তোলন, আর/আর সহ), প্রয়োজনীয় সার্ভিস ড্রপ স্থাপন ব্যয় পবিস কর্তৃক নির্বাহ করতে হবে। উল্লেখ্য, ৮০ কিঃওঃ পর্যন্ত কোন গ্রাহকের লোড বৃদ্ধির ক্ষেত্রে কোন ধরনের এইচটি/এলটি লাইন নির্মাণ/ কনর্ভারশন/ আপগ্রেডেশন এবং পুশ পোলের প্রয়োজন হলে তার ব্যয় সংশ্লিষ্ট গ্রাহকের নিকট হতে গ্রহন করতে হবে।

ঘ) সকল স্থায়ী নতুন এলটি শ্রেণীর সংযোগের ক্ষেত্রে: নির্মাণ শ্রেনীর গ্রাহক সংযোগ গ্রহনের সময় নির্মাণ কাজ সমাপ্তিতে যথাযথ গ্রাহক শ্রেণীতে স্থায়ী সংযোগ এ রুপান্তরিত হবে মর্মে সংশ্লিষ্ট গ্রাহক কর্তৃক কোন অঙ্গীকারনামা/আবেদন প্রদান করে থাকলে আলোচ্য সংশোধীত নীতিমালা প্রযোজ্য হবে।

১/১১/২৩
(মোঃ আলতাফ হোসেন চৌধুরী)
পরিচালক, এসইএন্ডডি